২৪ ফেব্রুয়ারি, ২০২২ তারিখে অনুষ্ঠিত ৫ম উপজেলা পরিষদের ৩৫ তম মাসিক সভার কার্যবিবরণী

সভাপতি	ঃ	জনাব মোঃ আব্দুল মান্নান খান চেয়ারম্যান উপজেলা পরিষদ, কুমারখালী, কুষ্টিয়া।
তারিখ	ঃ	২৪/০২/২০২২ খ্রিস্টাব্দ।
সময়	ঃ	বেলা ১১.৩০ মিনিট
সভাস্থল	ঃ	Zoom Cloud Meeting।
উপস্থিত সদস্যবৃন্দ	ঃ	পরিশিষ্ট "ক" দ্রষ্টব্য।

অদ্যকার সভা, করোনা ভাইরাসের কারণে উদ্ভূত পরিস্থিতিতে ভার্চুয়াল Zoom Cloud Meeting এর মাধ্যমে চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কুমারখালী ও সভাপতি উপজেলা মাসিক/উন্নয়ন সমন্বয় বিষয়ক কমিটি কুমারখালী, কুষ্টিয়ার সভাপতিত্বে সভা অনুষ্ঠিত হয়। সভার সদস্যগণ Zoom Cloud Meeting এর মাধ্যমে ভার্চুয়াল সভায় সংযুক্ত হন। সভাপতির অনুমতিক্রমে বিগত ২০ জানুয়ারি, ২০২২ খ্রিষ্টাব্দ তারিখে অনুষ্ঠিত ৩৪তম সভার কার্যবিবরণী পাঠ করা হয়। কার্যবিবরণীতে সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা দৃঢ়করণ করা হয়। অতঃপর বিভাগীয় ও অন্যান্য কার্যক্রমের অগ্রগতি পর্যালোচনাক্রমে নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত সমূহ গ্রহণ করা হয় :-

অনুঃ	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
০১	**স্বাস্থ্য বিভাগ** সভায় উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান নতুন বছরে করোনা ভাইরাস কোভিড-১৯ এর সংক্রমন অধিক হারে বৃদ্ধি হচ্ছে। সরকারি এ্যাম্বুলেন্স চালু আছে। বর্তমানে নিয়মিত ভাবে এক্স-রে, ইসিজি ও আল্ট্রাসনোগ্রাম করা হয়। ডিসেম্বর/২১ মাসে বহিঃ বিভাগে ৬,৮৩৩ জন রোগী ও আন্তঃ বিভাগে ৭৬২ জন রোগী এবং জরুরি বিভাগে ১,৫২৫ জন রোগীকে চিকিৎসা প্রদান করা হয়েছে। বেড অকুপেন্সী রেট-১২২%। ডিসেম্বর/২১ মাসে ৩০৯ জন গর্ভবর্তী মাকে টিটি টিকা প্রদান করা হয়েছে এবং ২২৩১ জন জনসাধারনকে টিটি টিকা প্রদান করা হয়েছে। ডিসেম্বর/২১ মাসে ১১৪৪ জন শিশুকে টিকা প্রদান করা হয়েছে। ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে মাসে ৭,২৫৮ জন এবং কমিউনিটি ক্লিনিকে ২৮.০০২ জন রোগীকে চিকিৎসা সেবা প্রদান করা হয়েছে। এছাড়াও ১৮/০১/২২ তারিখ পর্যন্ত ১ম ডোজ ২৪৫৩৪৫ জন, ২য় ডোজ ১১৬১০০ জন ও বুষ্টার ডোজ ১৮০৩ জন ও ছাত্র/ছাত্রী-৩১৫৪২ জন ভ্যাকসিন গ্রহণ করেছেন । চলতি বছর পর্যন্ত করোনা ভাইরাস আক্রান্ত ২৬৩৩ জন মৃত বরণ করেছেন ১০৯ জন। ওমিক্রন আক্রান্তদের ১০ দিন হোম কোয়ারেন্টাইন থাকতে হবে। সেজন্য উপজেলা নির্বাহী অফিসার ও থানা ভারপ্রাপ্ত কর্মকর্তার সহযোগিতা কামনা করেন। উপজেলা সমাজসেবা কর্মকর্তা বলেন প্রতিবন্ধী ব্যক্তিদের লাইনের মাধ্যমে টিকা গ্রহণ করতে সমস্যা হচ্ছে। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা বলেন ইউপি অনুযায়ি তালিকা প্রদান করলে প্রতিবন্ধী ব্যাক্তিদের বাড়িতে টিকা প্রদান করার জন্য উদ্যোগ গ্রহণ করা হবে। এছাড়া তার দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।	সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে গৃহিত কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহিত হয়।	উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা কুমারখালী, কুষ্টিয়া।
০২	**কুমারখালী পৌরসভা**		

	সভায় মেয়র কুমারখালী পৌরসভা জানান চলতি অর্থ বছরে প্রতিবন্ধী ভাতা কার্যক্রম দ্রুত শেষ করার জন্য অনুরোধ করেন। এছাড়া তার দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।	সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে কুমারখালী পৌরসভার প্রতিবন্ধী ভাতা কার্যক্রম দ্রুত বাস্তবায়ন করার জন্য উপজেলা সমাজসেবা কর্মকর্তা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহিত হয়।	উপজেলা সমাজসেবা কর্মকর্তা কুমারখালী, কুষ্টিয়া।
০৩	**মৎস্য বিভাগ** সভায় উপজেলা সিনিয়র মৎস্য কর্মকর্তা জানান ইলিশ মাছ ধরা জেলেদের জন্য বিকল্প কর্মসংস্থান করার জন্য উদ্যেগ গ্রহণ করা হয়েছে। এছাড়া কালিগঙ্গা বাদল বাসা দেশীয় মাছের অভায়াশ্রয়মের মেরামত কাজ চলমান আছে। এছাড়া তার দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।	সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয় এবং গৃহিত কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহিত হয়।	উপজেলা সিনিয়র মৎস্য কর্মকর্তা, কুমারখালী, কুষ্টিয়া।
০৪	**প্রাণিসম্পদ বিভাগ** সভায় উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা জানান ডিসেম্বর/২১ মাসে ১,৭৯০ টি গবাদিপশু ও ১০,০৪০ টি হাঁসমুরগি চিকিৎসা প্রদান করা হয়েছে এবং ৪,১৯৪ টি গবাদিপশু ও ৬১,৬০০ টি হাঁসমুরগির টিকা প্রদান করা হয়েছে। গাভী ও বকনা ২,০৮২ টি কৃত্রিম প্রজনন করা হয়েছে। এছাড়া টিকাবীজ বিক্রয় বাবদ রাজস্ব আদায় হয়েছে- ১৪,১৮৫/- টাকা, কৃত্রিম প্রজনন ফি- ৬২,৪৬০/- টাকা, খামার রেজিষ্ট্রেশন ফি ২৫০০/- টাকা, মোট রাজস্ব আদায় হয়েছে- ৭৯,১৪৫/- টাকা। ডিসেম্বর/২১ মাসে ১৮০ জন খামারীকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এছাড়া তার দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।	সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয় এবং গৃহিত কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহিত হয়।	উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, কুমারখালী।
০৫	**কৃষি বিভাগ** সভায় উপজেলা কৃষি কর্মকর্তা জানান তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।	সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয় এবং সকলে সার্বিক সহযোগিতা করবেন মর্মে সিদ্ধান্ত গৃহিত হয়।	উপজেলা কৃষি কর্মকর্তা কুমারখালী কুষ্টিয়া
০৬	**স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ** সভায় উপজেলা উপসহকারী প্রকৌশলী জানান, JIKA প্রকল্পের ০২ টি প্যাকেজের আওতায় উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স কুমারখালীর ডিজিটাল এক্স-রে মেশিন সরবরাহ ও সেন্টাল অক্সিজেন প্লান স্থাপন কাজ চলমান আছে । মেয়র কুমারখালী পৌরসভা জানান গড়ের মাঠে ব্রিজ টেন্ডার কার্যক্রম থেকে ২ বছর অতিবাহিত হওয়ার পরেও অদ্যবধি কাজ শেষ করা হয় নাই। উপজেলা প্রকৌশলী বলেন বর্তমানে ক্যাপ তৈরীর কাজ শেষ হলেই গার্ডার নির্মাণ কাজ সম্পাদন করা হবে। পান্টি বাজারের গড়াই নদীর উপর ব্রীজ নির্মাণ করার জন্য লে-আউট প্রদান করা হয়েছে। মেয়র কুমারখালী পৌরসভা বলেন নির্দিষ্ট সময় প্রদান করলে কাজটি দ্রুত সময়ে সম্পাদন করবে। এতে এলাকার ভুক্তভোগি জনসাধারণ উপকৃত হবে ।	সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয় এবং গড়ের বাড়ি ব্রীজ এর সংযোগ রাস্তাটি দ্রুত মেরামত করার জন্য উপজেলা প্রকৌশলীকে ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়।	উপজেলা প্রকৌশলী, কুমারখালী, কুষ্টিয়া।
০৭	**আইন শৃঙ্খলা** সভায় অফিসার ইনচার্জ কুমারখালী থানা অনুপস্থিত বিধায় আলোচনা করা সম্ভব হলো না।	পরবর্তী মাসিক সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো	অফিসার ইনচার্জ কুমারখালী থানা ।

০৮	**মাধ্যমিক শিক্ষা বিভাগ** সভায় উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা অনুপস্থিত বিধায় আলোচনা করা সম্ভব হলো না।	পরবর্তী মাসিক সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো	উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা কুমারখালী, কুষ্টিয়া।
০৯	**উপজেলা শিক্ষা বিভাগ** সভায় উপজেলা শিক্ষা অফিসার জানান ১২/০৯/২০২১ ইং তারিখ থেকে প্রাথমিক গণশিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশনা অনুযায়ি বিদ্যালয়ের পাঠদান কার্যক্রম পরিচালিত হচ্ছে। ২০২২ শিক্ষা বর্ষের প্রথম শ্রেণি থেকে ৫ম শ্রেণি পর্যন্ত সকল পাঠ্যপুস্তক ইতোমধ্যে উপজেলা শিক্ষা অফিসের বরাবর প্রেরণ করা হয়েছে। উপজেলা নির্বাহী অফিসার বলেন তেবাড়ীয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের একজন সহকারী শিক্ষক কোভিড-১৯ আক্রান্ত হয়েছেন। তার আইসোলেশন নিশ্চিত করার জন্য উপজেলা শিক্ষা অফিসার অনুরোধ করেন। কোভিড-১৯ আক্রান্ত শিক্ষক/শিক্ষিকার তথ্য উপজেলা শিক্ষা অফিসে দ্রুত তথ্য প্রদান করার জন্য নির্দেশনা প্রদান করেন। এছাড়া তার দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।	সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক/শিক্ষিকাগণ কোভিড-১৯ আক্রান্ত হলে দ্রুত আইসোলেশন নিশ্চিত করার জন্য উপজেলা শিক্ষা কর্মকর্তা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।	উপজেলা শিক্ষা কর্মকর্তা, কুমারখালী, কুষ্টিয়া।
১০	**সমবায় বিভাগ** সভায় উপজেলা সমবায় কর্মকর্তা জানান যে, ১০ টি সমবায় সমিতির আওতায় ৫০ জন সদস্যকে ভ্রাম্যমান প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। সার্বিক গ্রাম উন্নয়ন কর্মসূচীর আওতায় ০৮ টি সমিতি হতে ৬ জন পুরুষ ও ৪ জন মহিলাকে ৩০ দিন ব্যাপী প্লাম্বিং এন্ড পাইপ ফিটিং (দর্জি) আইজিএ প্রশিক্ষণ প্রদান করা হয়েছে । ১০ টি আশ্রায়ণ প্রকল্পের ঋন প্রাপ্তি ৫৩.২০ লক্ষ টাকা, (ঘূর্ণায়ন মানসহ) ১০৪.০২ লক্ষ টাকা ঋন বিতরণ করা হয়েছে। এছাড়া তার দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।	সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয় এবং সকলে সার্বিক সহযোগিতা করবেন মর্মে সিদ্ধান্ত গৃহিত হয়।	উপজেলা সমবায় কর্মকর্তা কুমারখালী, কুষ্টিয়া ।
১১	**পরিবার পরিকল্পনা বিভাগ** সভায় উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান যে, পান্টি ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রের আওতায় ৮৯ শতাংশ জমি আছে। উক্ত স্বাস্থ্য কেন্দ্রে ১০ শয্য বিশিষ্ট মা ও শিশু কল্যাণ কেন্দ্র স্থাপন করলে এলাকার প্রসূতি মা ও নবজাতক শিশু স্বাস্থ্য সেবার ক্ষেত্রে অগ্রগতি হবে। ডিসেম্বর/২১ মাসে মা ও শিশু কল্যাণ কেন্দ্রে বিনামূল্যে স্বাভাবিক ডেলিভারী সেবা প্রদান করা হয়েছে ১০ জন, বয়ঃসন্ধিকালীন/প্রজনন স্বাস্থ্য সেবা-৩৯৫৮ জন, পুষ্টি সেবা চলমান-৩৭৭৮ জন, সিএসবি কর্তৃক স্বাভাবিক ডেলিভারী সেবা-০৩ জন। এছাড়া দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।	সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে পান্টি ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যান কেন্দ্রে ১০ শয্য বিশিষ্ট মা ও শিশু কল্যাণ কেন্দ্র স্থাপন করার জন্য সর্বসম্মত ভাবে সিধান্ত গৃহিত হয়।	উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা কুমারখালী, কুষ্টিয়া।
১২	**ত্রাণ শাখা** সভায় উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান ১ম পর্যায়ের টি.আর ও কাবিখা/কাবিটা প্রকল্পের কাজ ৯০ শতাংশ শেষ হয়েছে। চলতি অর্থ বছরে শীতার্থ ও দরিদ্রদের মাঝে কম্বল বিতরণের জন্য ২০০০ পিচ বরাদ্দ পাওয়া যায়। সেগুলো পৌরসভা ও ইউনিয়ন পরিষদের মাঝে বন্টন করা হয়েছে। বীর মুক্তিযোদ্ধাদের	সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে বীর মুক্তিযোদ্ধাদের বসাবাসের জন্য বীর নিবাস মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক নির্মানের লক্ষ্যে অধিকতর মনিটরিং করার জন্য জনপ্রতিনিধি ও সংশ্লিষ্ট	সংশ্লিষ্ট সকলে।

	বসবাসের জন্য ১২ টি ঘরের নির্মান কাজ চলমান আছে। এছাড়াও ২ টি এইচবিবি রাস্তার টেন্ডার কার্যক্রম চলমান আছে। উপজেলা নির্বাহী অফিসার বলেন একক ঘর নির্মান করার লক্ষ্যে জন প্রতিনিধিগণ পরিদর্শন করে ঘর সংশ্লিষ্ট বিভিন্ন ধরণের পরামর্শ প্রদান করলে মাননীয় প্রধানমন্ত্রীর স্বপ্নের নিবাস তৈরী ফলপ্রসূত হত।	সরকারি কর্মকর্তা পরিদর্শন করবেন মর্মে সিদ্ধান্ত গৃহিত হয়।	
১৩	**সমাজসেবা বিভাগ** সভায় উপজেলা সমাজসেবা কর্মকর্তা জানান চলতি অর্থ বছরে বিভিন্ন ইউনিয়ন পরিষদের অনুকূলে ৪৫০ টি প্রতিবন্ধী ভাতা বরাদ্দের অনুকূলে ভাতাভোগী তালিকা অনুমোদন করার জন্য অনুরোধ করেন। এছাড়া তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।	সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে চলতি অর্থ বছরের প্রতিবন্ধী ভাতাভোগীর তালিকা সর্বসম্মত অনুমোদিত হয়।	উপজেলা সমাজসেবা কর্মকর্তা, কুমারখালী, কুষ্টিয়া।
১৪	**যুব উন্নয়ন বিভাগ** সভায় উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা অনুপস্থিত বিধায় আলোচনা করা সম্ভব হলো না।	পরবর্তী মাসিক সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা কুমারখালী।
১৫	**মহিলা বিষয়ক বিভাগ** সভায় উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা কোভিড-১৯ আক্রান্ত থাকায় তার দপ্তরের কার্যক্রম উপস্থাপিত হলো না।	সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয় এবং গৃহিত কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহিত হয়।	মহিলা ও শিশু বিষয়ক কর্মকর্তা কুমারখালী, কুষ্টিয়া।
১৬	**জনস্বাস্থ্য বিভাগ** সভায় উপজেলা জনস্বাস্থ্য কর্মকর্তা জানান তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।	সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয় এবং গৃহিত কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহিত হয়।	উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য বিভাগ, কুমারখালী, কুষ্টিয়া।
১৭	**আবাসিক প্রকৌশলী** সভায় আবাসিক প্রকৌশলী কুমারখালী জানান বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, বিদ্যুৎ বিভাগ, সমন্বয়-২ অধিশাখা থেকে ৬ ডিসেম্বর/২০২১ খ্রিঃ তারিখে বিভিন্ন সরকারি ও আধা সরকারি সিটি কর্পোরেশন/পৌরসভা/ইউনিয়ন পরিষদ সমূহকে ইত:পূর্বে বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধের নির্দেশনা প্রদান করা হয়েছে। এছাড়াও ব্যবস্থাপনা পরিচালক (ওজোপাডিকো) খুলনা হতে ২২ ডিসেম্বর ২০২১ খ্রিঃ তারিখে ৬৩২ নং স্মারক পত্রে বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধ করার জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে। তিনি আরো জানান কুমারখালী পৌরসভায় ১ কোটি ৬৭ লক্ষ ৬৮ হাজার টাকা, কুমারখালী থানা ৩ লক্ষ ৬৭ হাজার টাকা, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স কুমারখালীর ৬৭ হাজার টাকা ও বিভিন্ন সরকারি অফিসে ১ লক্ষ ৭০ হাজার টাকা বিদ্যুৎ বিল বকেয়া আছে। উক্ত বিদ্যুৎ বিল পরিশোধের জন্য তিনি অনুরোধ করেন।	সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের অনুকূলে বকেয়া বিদ্যুৎ বিল দ্রুত পরিশোধের জন্য অনুরোধ করা হলো।	সংশ্লিষ্ট সকলে।
১৮	**পল্লী বিদ্যুৎ বিভাগ** সভায় ডিজিএম পল্লী বিদ্যুৎ কুমারখালী অনুপস্থিত বিধায় আলোচনা করা সম্ভব হলো না।	পরবর্তী মাসিক সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো	ডিজিএম পল্লী বিদ্যুৎ কুমারখালী, কুষ্টিয়া।
১৯	**পল্লী উন্নয়ন বিভাগ** সভায় উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা জানান কুমারখালী	সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা	উপজেলা পল্লী উন্নয়ন

	উপজেলায় ০৩ টি ইউনিয়নে অংশীদারিত্ব মূলক পল্লী উন্নয়ন প্রকল্প চালু আছে। এছাড়াও অপ্রধান শষ্য প্রকল্প খাতে ৪% লভ্যাংশে ২৫ লক্ষ টাকায় ঋন সহায়তা প্রদান করা হয়েছে। কোভিড-১৯ ঋন সহায়তা খাতে ৪% লভ্যাংশে সর্বোর্চ ৫০ হাজার টাকা ঋন সহায়তা প্রদান করা হচ্ছে।	করা হয় এবং গৃহিত কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহিত হয়।	কর্মকর্তা কুমারখালী, কুষ্টিয়া।
২০	**সমন্বয়কারী উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প** সভায় উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প সমন্বয়কারী কুমারখালী কোভিড-১৯ আক্রান্ত বিধায় তার দপ্তরের কার্যক্রম উপস্থাপিত হলো না।	পরবর্তী মাসিক সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো ।	সমন্বকারী উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প কুমারখালী, কুষ্টিয়া।
২১	**বন বিভাগ** সভায় উপজেলা বন কর্মকর্তা জানান বনায়নের উপর কয়েকটি কেট্যাগরিতে পুরুস্কার প্রদান করা হয়। উপজেলা কমিটির সুপারিশক্রমে জেলা কমিটি বরাবর প্রেরণ করা হয় । এছাড়া তার দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।	সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয় এবং গৃহিত কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহিত হয়	উপজেলা বন-বিভাগ, কুমারখালী, কুষ্টিয়া।
২২	**খাদ্য বিভাগ** সভায় উপজেলা ভারপ্রাপ্ত খাদ্য গুদাম কর্মকর্তা জানান, চলতি অর্থ বছরে ৬৫৬ মেঃ টন ধান সংগ্রহের লক্ষ্য মাত্রা হলেও এখন পর্যন্ত ধান সংগ্রহ করা যায়নি। এছাড়াও চাল সংগ্রহের মাত্রা ছিল ৮৯২ মেঃ টন। তার অনুকূলে চাউল সংগ্রহ করা হয়েছে ৯৭,৯৮০ মেঃ টন। সভায় তিনি আরও জানান নিয়মিত ভাবে বাজার মনিটরিং করা হয়। গত মাসের বাজার দর ধান মোটা-২৬-২৭ টাকা, গম দেশি ২৮-২৯ টাকা, চাউল মোটা- ৪১-৪২ টাকা, চাউল চিকন ৬০-৬২ টাকা, আটা-২৮-৩০ টাকা, চিনি-৬৩-৬৪ টাকা, সয়াবিন তৈল ১১৫-১২০ টাকা। পূর্বে বাজার দর থেকে সামান্য দর বৃদ্ধি পেয়েছে। এছাড়া লবণ, সরিষার তেল এর বাজার চলতি মাসে একই পর্যায়ে রয়েছে। তার দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।	সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয় এবং গৃহিত কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহিত হয়	উপজেলা খাদ্য কর্মকর্তা, কুমারখালী কুষ্টিয়া
২৩	আনসার ভিডিপি সভায় উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা অনুপস্থিত বিধায় আলোচনা করা সম্ভব হলো না।	পরবর্তী মাসিক সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো	আনসার ভিডিপি কর্মকর্তা, কুমারখালী, কুষ্টিয়া।
২৪	পল্লী সঞ্চয় ব্যাংক সভায় ব্যবস্থা ও পল্লী সঞ্চয় ব্যাংক কুমারখালী জানান ডিসেম্বর/২১ মাসে ৬১২ জন গ্রহকের মাঝে ১.৯৬ লক্ষ টাকা ঋন বিতরণ করা হয়েছে। উক্ত সময়ের মধ্যে ১.৪৮ লক্ষ টাকা ঋন আদায় করা হয়েছে এবং গ্রহকের নিকট থেকে সঞ্চয় আদায় করা হয়েছে ৪.৬৫ হাজার টাকা আদায় হয়েছে। আদায়ের হার সন্তোষজনক।	সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয় এবং গৃহিত কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহিত হয়	সমন্বকারী আমার বাড়ি আমার খামার ও পল্লী সঞ্চয় ব্যাংক কুমারখালী, কুষ্টিয়া
২৫	তথ্যসেবা কর্মকর্তা সভায় তথ্যসেবা কর্মকর্তা অনুপস্থিত বিধায় আলোচনা করা সম্ভব হলো না।	পরবর্তী মাসিক সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো	তথ্যসেবা কর্মকর্তা কুমারখালী, কুষ্টিয়া।
২৬	আইসিটি বিভাগ সভায় সহকারি প্রেগ্রামার আইসিটি অধিদপ্তর, কুমারখালী অনুপস্থিত বিধায় আলোচনা করা সম্ভব হলো	পরবর্তী মাসিক সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো	সংশ্লিষ্ট সকল সরকারি দপ্তর প্রধান,

বিবিধ আলোচনা

২৭। **উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের বিল অনুমোদন সংক্রান্ত :**

সভায় উপজেলা প্রকৌশলী জানান উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) এর আওতায় ৪র্থ পর্যায়ে ২০১৯-২০২০ অর্থ বছরে উপজেলা পরিষদ, কুমারখালীর অনুকূলে অনুমোদিত ০২(দুই) টি অবকাঠামো উন্নয়ন উপ-প্রকল্পের মধ্যে কুমারখালী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এ আধুনিক এক্স-রে মেশিন(সিআর-সিষ্টেম) সরবরাহ করা হয়েছে। যাহার (INF 2019-20-405071-01) এক্স-রে মেশিন (সিআর-সিষ্টেম) এর মান সন্তোষজনক হওয়ায়, উপ-প্রকল্পের চুক্তিমূল্য মোতাবেক ঠিকাদার বিল উত্তোলনের জন্য ভ্যাট আইটিসহ ১৩,৪৬,০০,০০০ টাকার বিল দাখিল করেছেন। উক্ত ভ্যাট বাবদ-১,০০,৯৫০ টাকা এবং আয়কর বাবদ ৪০,৩৮০ টাকা বাদে নীট বিল ১২,০৪,৬৭০(বার লক্ষ, চার হাজার, ছয়শত সত্তর) টাকা মাত্র পরিশোধের লক্ষে অনুমোদনের জন্য সভায় প্রস্তাব করেন।

সিদ্ধান্ত : সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) এর ২০১৯-২০২০ অর্থ বছরের অনুমোদিত দুইটি প্রকল্পের মধ্যে কুমারখালী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এ আধুনিক এক্স-রে মেশিন (সিআর-সিষ্টেম) এর ভ্যাট বাবদ-১,০০,৯৫০ টাকা এবং আয়কর বাবদ ৪০,৩৮০ টাকা বাদে নীট বিল ১২,০৪,৬৭০(বার লক্ষ, চার হাজার, ছয়শত সত্তর) টাকা প্রদানের জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। উক্ত অর্থ বরাদ্দ প্রদানের জন্য প্রকল্প পরিচালক বরাবর পত্র প্রেরণ করার জন্য উপজেলা নির্বাহী অফিসার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

২৮। **সরবরাহকৃত মালের মূল্য নির্ধারণ সংক্রান্ত ঃ**

সভায় উপজেলা প্রকৌশলী জানান যে, চলতি অর্থ বছরে উপজেলা পরিষদ থেকে শিক্ষিত বেকার মহিলাদের মাঝে সেলাই মেশিন সরবরাহ, ক্রীড়া সামগ্রী ফুটবল, ক্রিকেট ব্যাট ও ক্রিকেট বল সরবরাহ, শারিরিক প্রতিবন্ধীদের মাঝে হুইল চেয়ার, সাদা ছড়ি ও ক্র্যাচ সরবরাহ, প্রাথমিক পর্যায়ে দরিদ্র ছাত্র/ছাত্রীদের মাঝে স্কুল ব্যাগ, টিফিন বক্স ও ছাতা, মাধ্যমিক পর্যায়ের দরিদ্র শিক্ষার্থীদের মাঝে বাইসাইকেল বিতরণ, প্রান্তিক কৃষকদের মাঝে ফিতা পাইপ স্প্রে মেশিন ও বিষম মুক্ত সবজি ব্যাগ সরবরাহ প্রকল্প গ্রহণ করা হয়েছে। উক্ত সরবরাহকৃত মালামালের মূল্য এলজিইডির রেট সিডিউল-এ অর্ন্তভুক্ত না থাকাই উক্ত সরবরাহকৃত মালামালগুলোর মূল্য নির্ধারণ করার জন্য প্রস্তাব করেন।

সিদ্ধান্ত ঃ সভায় এ বিষয়ে প্রতিটি মালামালের বাজার দর সম্পর্কে বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে উৎকৃষ্ট ও গুণগত মানের পূণ্য সরবরাহ করার লক্ষে সরবরাহ কৃত মালামাল ভ্যাট-আইটিসহ সেলাই মেশিন-১১,০০০/- টাকা, ফুটবল-১,০৫০/- টাকা, ক্রিকেট ব্যাট-১৯২৫/-টাকা, ক্রিকেট বল-১২০/- টাকা, সরবরাহ, হুইল চেয়ার-৯,০৮৮/- টাকা, সাদা ছড়ি-৯৮/- টাকা, ক্র্যাচ- ৩৫০/- টাকা, প্রাথমিক পর্যায়ে দরিদ্র ছাত্র/ছাত্রীদের মাঝে স্কুল ব্যাগ-৭১৫/- টাকা, টিফিন বক্স-২২০/- টাকা, ছাতা- ৩৬৩/- টাকা, বাইসাইকেল-১০,৫৮০/- টাকা, ফিতা পাইপ-৩৫০/- টাকা, স্প্রে মেশিন-২,২৫০/- টাকা ও বিষমুক্ত সবজি ব্যাগ-১২৫/- টাকা মূল্য নির্ধারণ করার জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়।

২৯। **উপজেলা পরিষদ জামে মসজিদ ও মাধ্যমিক শিক্ষা অফিস রক্ষার জন্য প্যালাসাইডিং মেরামত সংক্রান্ত :**

সভায় উপজেলা প্রকৌশলী জানান যে, উপজেলা পরিষদ জামে মসজিদ ও উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস সংলগ্ন পুকুর পাড়টি ভেঙ্গে অফিস পর্যন্ত এসে গেছে। উক্ত পুকুর পাড়ের প্যালাসাইডিং সংস্কার না করলে যে কোন সময় মারাত্বক দূর্ঘটনা ঘটতে পারে। সেজন্য উপজেলা পরিষদ চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসারের সাথে মৌখিক আলোচনান্তে পুকুর পাড়টি সংস্কার করার জন্য ১,৪০,০০০/- টাকার প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। উক্ত প্রাক্কলনটি অনুমোদনের জন্য উপজেলা প্রকৌশলী সভায় উপস্থাপন করেন।

সিদ্ধান্ত : সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে উপজেলা পরিষদ জামে মসজিদ ও উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস রক্ষার জন্য অফিস সংলগ্ন পুকুর পাড়টির প্যালাসাইডিং সংস্কার করার জন্য উপজেলা প্রকৌশলীর প্রস্তুতকৃত ১,৪০,০০০/- টাকার প্রাক্কলন সর্বসম্মত ক্রমে অনুমোদিত হয়। এছাড়া প্রকল্পটি প্রকল্প বাস্তবায়ন কমিটির মাধ্যমে বাস্তবায়ন এবং প্রকল্পটি ব্যয় ২০২১-২০২২ অর্থ বছরে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল থেকে পরিশোধ করা জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। প্রকল্প বাস্তবায়ন কমিটি নিম্নরূপ :

ক্রঃ নং-	কমিটির সদস্যদের নাম	পদবী	বর্তমান ঠিকানা	কমিটিতে পদবী
০১।	মো: বিল্লাল হোসেন	সদস্য	পান্টি ইউনিয়ন পরিষদ	সভাপতি, প্রকল্প বাস্তবায়ন কমিটি
০২।	মোছা: ময়না খাতুন	সং. সদস্য	উপজেলা পরিষদ কুমারখালী	সদস্য সচিব "
০৩।	মোঃ জহুরুল ইসলাম	ইমাম	উপজেলা পরিষদ জামে মসজিদ	সদস্য "
০৪।	মোঃ নরুল হক নুরু	বীর মুক্তিযোদ্ধা	মনোহরপুর	সদস্য "
০৫।	মো: বাবুল হোসেন	শিক্ষক	এলঙ্গী আর্চ্যয মাধ্যমিক বিদ্যালয়	সদস্য "

৮০	ডা: জাহাঙ্গীর আলম	[illegible]	সদস্য
৮১	ডা: [illegible]	[illegible]	সদস্য

৩০. উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের নিম্নোক্ত ব্যয়/ ব্যয়ের অনুমোদন প্রদান করা হয়। চূড়ান্ত হয়নি

১	আপ্যায়ন ব্যয়	২৯,৯০০/-
২	আনুষঙ্গিক ব্যয়	৫,০০০/-
৩	উপজেলা পরিষদের জীপ গাড়ি কুষ্টিয়া-ঘ-১১-০০২৯ নং গাড়ি মেরামত বিল বাবদ কুষ্টিয়া মটরস ওয়ার্কস	৪৯,০০০/-
৪	নভেম্বর/২১ মাসের কমিটির সভার আপ্যায়ন বিল কুড় হোটেল এন্ড রেষ্টুরেন্ট, কুমারখালী-	৭,৮৯০/-
৫	নভেম্বর/২১ মাসের পানির পাম্প মেশিনের বিদ্যুৎ বিল-	৭,৩৭৬/-
৬	নভেম্বর/২১ মাসের অফিস কার্যালয়ের বিদ্যুৎ বিল-	১,৮৩৮/-

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ আব্দুল মান্নান খান
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
কুমারখালী, কুষ্টিয়া।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ কার্যালয়
কুমারখালী, কুষ্টিয়া

স্মারক নং-৪৬.৪৬.৫০৭১.০১৪.০০.০০৩.২২-১১

তারিখ : ২২ ফাল্গুন, ১৪২৮ বঙ্গাব্দ
০৭ মার্চ, ২০২২ খ্রি.

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ-

১। জনাব সেলিম আলতাফ জর্জ, মাননীয় সংসদ সদস্য, ৭৬কুষ্টিয়া-৪ ও উপদেষ্টা, উপজেলা পরিষদ, কুমারখালী, কুষ্টিয়া।

সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো ঃ-

২। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সচিব,স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। জেলা প্রশাসক, কুষ্টিয়া।
৫। পরিচালক, স্থানীয় সরকার, খুলনা বিভাগ, খুলনা।
৬। উপপরিচালক, স্থানীয় সরকার, কুষ্টিয়া।
৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কুমারখালী কুষ্টিয়া।
৬। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কুমারখালী, কুষ্টিয়া।
৭। উপজেলা .... অফিসার, কুমারখালী, কুষ্টিয়া।
৮। চেয়ারম্যান...ইউপি, কুমারখালী, কুষ্টিয়া।
৯। অফিস কপি।

০৭/০৩/২২
বিতান কুমার মন্ডল
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
কুমারখালী, কুষ্টিয়া।

২৪ ফেব্রুয়ারি, ২০২২ তারিখে অনুষ্ঠিত ৫ম উপজেলা পরিষদের ৩৫ তম সভায় উপস্থিত সদস্য বৃন্দের তালিকা

"পরিশিষ্ট- ক"

ZOOM সভা

ক্রমিক	নাম ও পদবী	স্বাক্ষর ও তারিখ
০১।	ডাঃ মোঃ আকুল উদ্দিন, উপজেলা স্বাস্থ্য কর্মকর্তা, কুমারখালী, কুষ্টিয়া।	স্বাক্ষরিত
০২।	মেরিনা আক্তার মিনা মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কুমারখালী।	স্বাক্ষরিত
০৩।	ডাঃ মোঃ নুরে আলম সিদ্দিকী, উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা , কুমারখালী, কুষ্টিয়া।	স্বাক্ষরিত
০৪।	মোঃ নওশের আলী বিশ্বাস, চেয়ারম্যান, নন্দলালপুর ইউনিয়ন পরিষদ,কুমারখালী, কুষ্টিয়া।	স্বাক্ষরিত
০৫।	উপজেলা প্রকৌশলী, উপজেলা প্রকৌশলীর পক্ষে, কুমারখালী, কুষ্টিয়া।	স্বাক্ষরিত
০৬।	মোঃ জালাল উদ্দিন উপজেলা শিক্ষা অফিসার, কুমারখালী, কুষ্টিয়া।	স্বাক্ষরিত
০৭।	মোঃ আব্দুল মুত্তালিব, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তার পক্ষে কুমারখালী, কুষ্টিয়া।	স্বাক্ষরিত
০৮।	দেবাশীষ কুমার দাস, উপজেলা কৃষি কর্মকর্তা কুমারখালী, কুষ্টিয়া।	স্বাক্ষরিত
০৯।	মোঃ সালাউদ্দিন খান তারেক, চেয়ারম্যান, শিলাইদহ ইউনিয়ন পরিষদ, কুমারখালী, কুষ্টিয়া।	স্বাক্ষরিত
১০।	ফারুক আহমেদ খান, চেয়ারম্যান, জগন্নাথপুর, ইউনিয়ন পরিষদ, কুমারখালী, কুষ্টিয়া।	স্বাক্ষরিত
১১।	মোঃ মাহামুদুল ইসলাম, প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার কার্যালয়, কুমারখালী, কুষ্টিয়া।	স্বাক্ষরিত
১২।	সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা কার্যালয় কুমারখালী, কুষ্টিয়া।	স্বাক্ষরিত
১৩।	মনির হাসান রিন্টু, চেয়ারম্যান, চাপড়া ইউনিয়ন পরিষদ, কুমারখালী, কুষ্টিয়া।	স্বাক্ষরিত
১৪।	মোঃ আলাউদ্দিন খান, চেয়ারম্যান, বাগুলাট ইউনিয়ন পরিষদ, কুমারখালী, কুষ্টিয়া।	স্বাক্ষরিত
১৫।	মোঃ সাইদ হাসান, উপজেলা সমবায় কর্মকর্তা,কুমারখালী,কুষ্টিয়া।	স্বাক্ষরিত
১৬।	মোঃ আলামিন মিয়া, উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, কুমারখালী	স্বাক্ষরিত
১৭।	মোঃ আক্তারুজ্জমান, উপজেলা বন বিভাগ, কুমারখালী, কুষ্টিয়া।	স্বাক্ষরিত
১৮।	মোঃ আব্দুল মজিদ চেয়ারম্যান সদকী ইউনিয়ন পরিষদ, কুমারখালী, কুষ্টিয়া।	স্বাক্ষরিত
১৯।	মোঃ পারভীন খাতুন, সংরক্ষিত সদস্য উপজেলা পরিষদ, কুমারখালী, কুষ্টিয়া।	স্বাক্ষরিত
২০।	মোঃ তোফাজ্জেল হোসেন, চেয়ারম্যান সাদীপুর ইউনিয়ন পরিষদ, কুমারখালী, কুষ্টিয়া।	স্বাক্ষরিত
২১।	মোঃ হাফিজুর রহমান, চেয়ারম্যান, পান্টি ইউনিয়ন পরিষদ, কুমারখালী, কুষ্টিয়া।	স্বাক্ষরিত
২২।	মোছাঃ জান্নাতুল ফেরদৌস, সংরক্ষিত সদস্য, উপজেলা পরিষদ কুমারখালী।	স্বাক্ষরিত
২৩।	মোঃ আলি হোসেন চেয়ারম্যান কয়া ইউনিয়ন পরিষদ, কুমারখালী, কুষ্টিয়া।	স্বাক্ষরিত
২৪।	মোঃ সেলিম আহমেদ, উপজেলা সমন্বকারী, একটি বাড়ি একটি খামার, কুমারখালী	স্বাক্ষরিত
২৫।	মোছাঃ মঞ্জুয়ারা খাতুন, সংরক্ষিত সদস্য উপজেলা পরিষদ, কুমারখালী, কুষ্টিয়া।	স্বাক্ষরিত
২৬।	মোঃ আব্দুল্লাহ আল মামুন, উপসহকারী প্রকৌশলী, বিএডিসি, কুষ্টিয়া।	স্বাক্ষরিত
২৭।	আব্দুর রশিদ, আবাসিক প্রকৌশলী, কুমারখালী, কুষ্টিয়া।	স্বাক্ষরিত
২৮।	মোঃ জামশেদ ইকবালুর রহমান, ভাপ্রাপ্ত গুদাম কর্মকর্তা, কুমারখালী, কুষ্টিয়া।	স্বাক্ষরিত

অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা

০১।	মোঃ সাইদুর রহমান, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কুমারখালী	
০২।	মোঃ শরিফুল আলম, চেয়ারম্যান যদুবয়রা ইউনিয়ন পরিষদ, কুমারখালী, কুষ্টিয়া।	
০৩।	মোঃ ইশতিয়াক শাহরিয়ার, সহকারি প্রোগ্রামার, কুমারখালী, কুষ্টিয়া।	
০৪।	অফিসার ইনচার্জ কুমারখালী থানা।	
০৫।	ফেরদৌস নাজনীন, উপজেলা মহিলা ও শিশু বিষয়ক কর্মকর্তা, কুমারখালী, কুষ্টিয়া।	
০৬।	মোঃ আব্দুর রশিদ, উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, কুমারখালী, কুষ্টিয়া।	
০৭।	মোহম্মদ আলী, উপজেলা সমাজ সেবা কর্মকর্তা, কুমারখালী, কুষ্টিয়া।	
০৮।	মোঃ রাশিদুজ্জামান, চেয়ারম্যান, চাঁদপুর ইউনিয়ন পরিষদ, কুমারখালী, কুষ্টিয়া।	
০৯।	মোঃ আব্দুল হালিম, যুব উন্নয়ন কর্মকর্তা, কুমারখালী, কুষ্টিয়া	
১০।	জগতি রায়, এজিএম পল্লী বিদ্যুৎ, কুমারখালী, কুষ্টিয়া।	
১১।	বিপ্লব কুমার সাহা, সমন্বয়কারী ইউডিএফ কুমারখালী, কুষ্টিয়া।	
১২।	তথ্য সেবা কর্মকর্তা, কুমারখালী, কুষ্টিয়া।	
১৩।	মোঃ মোজাম্মেল হক, উপজেলা খাদ্য কর্মকর্তা, কুমারখালী, কুষ্টিয়া	
১৪।	মোঃ ফিরোজ আহমেদ, উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, কুমারখালী, কুষ্টিয়া।	
১৫।	জুলিয়া পারভীন, উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা ভাঃ, কুমারখালী, কুষ্টিয়া।	
১৪।	মোছাঃ ময়না খাতুন, সংরক্ষিত সদস্য উপজেলা পরিষদ, কুমারখালী, কুষ্টিয়া।	